



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৭১১৮৮৬৬২/ 2607/10/সাতক্ষীরা-১৩৪/

তারিখ: ১১.১২.২০১৯খ্রি.

**বিষয়:-** মাহমুদপুর আমিনিয়া আলিম মাদ্রাসার নিয়মান সহকারী কাম কম্পিউটার অপারেটর জনাব আখতারুজ্জামানকে চাকুরীতে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র:

- ১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৭১১৮৮৬৬২/২১৩৯/৩/নথি নং-সাত-১৩৪; তারিখ: ১৯.০৩.২০১৯ খ্রি.
- ২) উপজেলা নির্বাহী অফিসার স্মারক নং-০৫.৪৪.৮৭৮২.০০১.২৬.০০১.১৮-১৪৬৬; তারিখ: ২৬.০৯.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন মাহমুদপুর আমিনিয়া আলিম মাদ্রাসার পূর্বের অধ্যক্ষের বিরুদ্ধে অবৈধভাবে এমপিওভুক্ত করার কার্যক্রম বন্ধ রাখা, ভারপ্রাপ্ত অধ্যক্ষের বিরুদ্ধে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা দাবি, টাকা না দিলে নিয়োগ বাতিলসহ হুমকি প্রদান, একই পদে পুনরায় নিয়োগ প্রক্রিয়াকরণ ও বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করে নিয়মান সহকারী কাম কম্পিউটার অপারেটর জনাব আখতারুজ্জামান অত্র বোর্ডে একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে বোর্ড কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, সাতক্ষীরাকে পত্র প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার সদর, সাতক্ষীরা সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ২ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় জনাব আখতারুজ্জামান, নিয়মান সহকারী কাম কম্পিউটার অপারেটর এর নিয়োগ প্রক্রিয়া ২০১০ সালের জনবল কাঠামো অনুযায়ী ও সরকারি বিধিবিধান মোতাবেক সম্পন্ন হয়েছিল মর্মে তদন্ত কর্মকর্তা প্রতিবেদনে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায় তদন্তকারী কর্মকর্তার প্রেরিত প্রতিবেদন অনুযায়ী অভিযোগকারীর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগকৃত নিয়মান সহকারী কাম কম্পিউটার অপারেটর জনাব আখতারুজ্জামানকে পত্র প্রাপ্তির ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে তার নিয়োগকৃত পদে পুনর্বহাল করে অত্র বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

বি:দ্র: বিষয়টি অতীব জরুরী।

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ও

চেয়ারম্যান (বুটিন দায়িত্ব)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

১) সভাপতি, মাহমুদপুর আমিনিয়া আলিম মাদ্রাসা, সদর, সাতক্ষীরা

২) অধ্যক্ষ, মাহমুদপুর আমিনিয়া আলিম মাদ্রাসা, সদর, সাতক্ষীরা

নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৭১১৮৮৬৬২/ 2607/10/সাতক্ষীরা-১৩৪/

তারিখ: ১১.১২.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সাতক্ষীরা;
২. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, সাতক্ষীরা;
৪. জনাব আখতারুজ্জামান (অভিযোগকারী), মাহমুদপুর আমিনিয়া আলিম মাদ্রাসা;
৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪